

ওয়েষ্ট বেঙ্গল ব্যাকওয়ার্ড ক্লাসেস ডেভেলপমেন্ট এন্ড ফিন্যান্স কর্পোরেশন
হেমন্ত ভবন, দ্বিতীয় তল, ১২ বি বা দী বাগ (পূর্ব), কলকাতা ৭০০ ০০১

স্ব-নিযুক্তি প্রকল্পে আর্থিক সহায়তা বিষয়ক বিজ্ঞপ্তি

নং: ৯৬৭/বিসিডিএফসি

তারিখ: ১৭ ডিসেম্বর, ২০০৯

ও বি সি সার্টিফিকেট রয়েছে, বার্ষিক পারিবারিক আয় গ্রামাঞ্চলের ক্ষেত্রে ৪০ হাজার ও পুর এলাকায় ৫৫ হাজার টাকার মধ্যে এবং আর্থিক প্রতিষ্ঠানে বকেয়া ঋণ নেই, এমন ব্যক্তি স্ব-উপার্জনের প্রকল্প নির্বাচন করে টার্ম লোনের জন্য আবেদন করতে পারেন। ৬ শতাংশ হার সুদে প্রকল্প ব্যয়ের ৯৫ শতাংশ পর্যন্ত (মহিলা প্রার্থীর জন্য ১০০ শতাংশ ঋণ, সুদের হার ৪ শতাংশ) সর্বাধিক ৫ লক্ষ টাকা এককালীন ঋণ পাওয়া যাবে। নির্দিষ্ট ফর্মে আবেদন করতে হবে। আবেদন পত্রের সঙ্গে বিডিও বা উচ্চতর সরকারী পদাধিকারীর দেওয়া আয়ের শংসাপত্র, ওবিসি সার্টিফিকেটের প্রত্যায়িত নকল, বাসস্থানের প্রমানপত্র, স্থানীয় ব্যাঙ্কের দেওয়া নো-ডিউস সার্টিফিকেট, সরকারী বা সরকারী সাহায্যপ্রাপ্ত সংস্থায় কর্মী এমন জামিনদারের ঘোষণাপত্র ও প্রকল্পের বিবরণ যুক্ত করতে হবে। ৩০ জানুয়ারী ২০১০ পর্যন্ত নীচের ঠিকানায় আবেদন গ্রহণ করা হবে। ফর্মের নকল জেলা শাসকের অফিস, জেলা পরিষদ কার্যালয়ে পাওয়া যাবে। এছাড়া, www.anagrasarkalyan.gov.in থেকে ফর্ম ডাউনলোড করা যেতে পারে, bcwcorp.n.wb@gmail.com -এ ই-মেল পাঠালে অথবা ৫ টাকার ডাকটিকিট লাগানো নিজের ঠিকানা লেখা খাম অন্য একটি খামে বন্ধ করে তার উপর 'টার্ম লোনের জন্য আবেদন' কথাটি লিখে কর্পোরেশনের উল্লিখিত ঠিকানায় পাঠালে মুদ্রিত ফর্ম পাঠিয়ে দেওয়া যেতে পারে।

সংযুক্তি সহ পূরণ করা আবেদনপত্র এই ঠিকানায় পাঠাতে হবে --

পোস্ট বক্স নং ৮৬২, জিপিও, কলকাতা ৭০০০০১।

স্বঃ বি দাশগুপ্ত
পরিচালন অধিকর্তা